

CAMBRIDGE PUBLIC SCHOOLS

159 THORNDIKE STREET CAMBRIDGE, MASSACHUSETTS 02141



23 মে 2018

আপার স্কুলের প্রিয় পরিবারগুলি,

প্রত্যেক ছাত্রছাত্রীর সামাজিক-মানসিক কল্যাণ আমাদের কাছে গুরুত্বপূর্ণ। যাতে আমরা CPS এর আপার স্কুলের সব ছাত্রছাত্রীদের অভিজ্ঞতা আরো ভালোভাবে বুঝতে পারি সেই লক্ষ্যে আমাদের সাহায্যের জন্য **আমরা জুন মাস চলাকালীন গ্রেড 6-8 এর ছাত্রছাত্রীদের সামাজিক মানসিক শিক্ষাগ্রহণ এবং স্কুলের পরিবেশ সংক্রান্ত সমীক্ষা প্রদান করব।**

স্কুল দিবসের মধ্যে ছাত্রছাত্রীরা অনলাইন-এ সমীক্ষাটি সম্পূর্ণ করবে। তাদের দু'ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করা হবে:

- **সামাজিক মানসিক শিক্ষাগ্রহণ** সংক্রান্ত প্রশ্নগুলিতে ছাত্রছাত্রীদের তারা কীভাবে শেখে, নিজেদের আচরণ সম্পর্কে তারা কী ভাবে এবং তাদের মনোভাব প্রকাশ সম্পর্কে এবং সমকক্ষদের সঙ্গে আদানপ্রদান সম্পর্কে তারা কেমন অনুভব করে সে বিষয়ে জিজ্ঞাসা করা হবে।
- **স্কুলের পরিবেশ** সংক্রান্ত প্রশ্নগুলিতে তাদের স্কুল, শিক্ষক-শিক্ষিকা এবং সামগ্রিকভাবে শিক্ষাগ্রহণের পরিবেশ সম্পর্কে ছাত্রছাত্রীদের প্রশ্ন জিজ্ঞাসা করা হবে। এই প্রশ্নগুলির দ্বারা বোঝার চেষ্টা করা হচ্ছে যে স্কুলে ছাত্রছাত্রীরা নিজেদের কথা স্পষ্টভাবে বোঝাতে পারে কি না, তারা সংযুক্ত বোধ করে কি না এবং তাদের পরিচর্যা করা হয় কি না।

এই সমীক্ষাটি পরিচালনা করছে আমাদের অংশীদার সংস্থা, [প্যানোরামা এডুকেশন \(Panorama Education\)](#)। ছাত্রছাত্রীদের দেওয়া উত্তরগুলি সম্পূর্ণ গোপন রাখা হবে। ছাত্রছাত্রীদের নজরে পড়তে পারে যে তাদের নাম সমীক্ষার প্রথম পর্দায় আবির্ভূত হবে, কিন্তু স্কুলে শনাক্তকারী কোনো তথ্য জানানো হবে না। প্যানোরামা (Panorama) শুধু যৌথ সমীক্ষার তথ্য এবং জনসংখ্যা সংক্রান্ত বিভিন্ন গোষ্ঠীর উত্তরের মধ্যে পার্থক্য সম্পর্কিত তথ্য জানাবে।

আমাদের ডিস্ট্রিক্ট প্ল্যান এর অংশ হিসেবে আমরা প্রতি বছর ছাত্রছাত্রীদের সমীক্ষার পরিকল্পনা করি যাতে শৃঙ্খলাপূর্ণ, আনন্দদায়ক এবং সাংস্কৃতিক দিক থেকে সংবেদনশীল শিক্ষাগ্রহণ এবং তাদের ভবিষ্যৎ সাফল্য নির্মাণে প্রত্যেকের বিশেষ প্রয়োজন অনুসারে সাহায্য প্রদানের ক্ষেত্রে আমাদের অঙ্গীকারবদ্ধতার রূপরেখা দেওয়া হয়। আপনার ছাত্রছাত্রীদের অংশগ্রহণ আমাদের সেই সব সাধারণ ক্ষেত্রগুলি সম্পর্কে শিখতে সাহায্য করবে যেখানে আমাদের কর্মভ্যাসের উন্নতিসাধনে আমরা ধারাবাহিকভাবে বেড়ে উঠতে পারি।

এই সমীক্ষা সম্পর্কে যদি আপনার কোনো প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে ডাইরেক্টর অব রিসার্চ, অ্যাসেসমেন্ট অ্যান্ড ইন্স্যলুয়েশন Jennifer Amigone এর সঙ্গে jamigone@cpsd.us ঠিকানায় যোগাযোগ করুন। **যদি আপনি আপনার শিশুকে অংশগ্রহণ করতে দিতে না চান, তাহলে অনুগ্রহ করে শুক্রবার ৪ই জুন এর মধ্যে আপার স্কুল এর প্রিন্সিপাল /হেড এর সঙ্গে যোগাযোগ করুন।**

আমাদের ধারাবাহিক অংশীদার হিসেবে থাকার জন্য আপনাদের ধন্যবাদ। আমরা আপনার এবং আপনার ছাত্রছাত্রীদের কাছ থেকে শেখার জন্য উন্মুখ হয়ে আছি।

আপনাদের একান্ত,

Kenneth N. Salim (কেনেথ এন. সেলিম) Ed.D.

সুপারিনটেনডেন্ট অব স্কুলস